

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি সরবরাহ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৮৩.২২.০০১.২৬-৩১০


তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩
২৩ মে ২০২৬

বিষয়: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের এডিপি বরাদ্দের অনুমোদন প্রদান বিষয়ে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: ডিপিএইচ’ই স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৩.৯৯.০২১.২০-৪১২, তারিখ: ১১/০৬/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক “সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য ৫০% স্থানীয় সংসদ সদস্য এবং ৫০% ইউনিয়ন ওয়াটস্যান কমিটির মাধ্যমে নলকূপ স্থাপনের স্থান নির্বাচন করার বিষয়ে ইতিপূর্বে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য ৫০% স্থানীয় সংসদ সদস্য এবং ৫০% ইউনিয়ন ওয়াটস্যান কমিটির মাধ্যমে নলকূপ স্থাপনের স্থান নির্বাচনের বিষয়টি মাননীয় সংসদ সদস্যগণ-কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মুহাম্মদ নজরুল ইসলাম
উপসচিব

ই-মেইল-lgws1@lgd.gov.bd


প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

স্মারক নং- ৪৬.০০.০০০০.০০০.০৮৩.২২.০০১.২৬-৩১০/১(৮)

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩
২৩ মে ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সংসদ সদস্য (সকল);
২. অতিরিক্ত সচিব (পাস) স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব (পাস) স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. জেলা প্রশাসক (সকল);
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. অফিস কপি।


মুহাম্মদ নজরুল ইসলাম
উপসচিব